22 MAY 2016

তারিখ : ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

সমকাল

# শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদ অস্ট্রেলিয়ায়ও

■ সমকাল ডেস্ক

নারায়ণগঞ্জে জাতীয় পার্টির সংসদ সদস্য সেলিম ওসমানের হাতে শিক্ষক শ্যামল কান্তি ভক্তের লাঞ্ছনার প্রতিবাদ জানিয়েছেন অস্ট্রেলিয়াপ্রবাসী বাংলাদেশিরাও। নির্যাতিত শিক্ষকের প্রতি সহমর্মিতা জানাতে গতকাল শনিবার সিডনির বিখ্যাত অপেরা হাউসের সামনে তারা 'সরি স্যার' শীর্ষক এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করেন।

সমাবেশে শিক্ষক শ্যামল কান্তির চিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিত করা, সংসদ সদস্য সেলিম ওসমানের গ্রেফতার ও বিচারের দাবি জানানো হয়। ওই শিক্ষককে চাকরিতে পুনর্বহাল করায় তারা সরকার ও শিক্ষামন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানান। এ সময় বক্তারা একজন সংখ্যালঘু শিক্ষকের বিরুদ্ধে মিথ্যা অভিযোগে ধর্মীয় উসকানি সৃষ্টির অপচেষ্টার জন্য সেলিম ওসমানের সমালোচনা করেন এবং এর বিরুদ্ধে সতর্ক থাকতে দেশবাসীর প্রতি আহ্বান জানান।

প্রতিবাদ কর্মসূচিতে জ্যেষ্ঠ সাংবাদিক ফজলুল বারী, নেহাল নেয়ামুল বারী, শাখাওয়াত নয়ন, আবদুল জলিল, সুরজিৎ রায়, শীর্ষেন্দু নন্দী, আনিলা পারভিন, আল নোমান শামীম, আমিনুল ইসলাম রুবেল, ফাহাদ আসমার, খালেদ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।